

পাঠ ২৫

# আদর্শ ছেলে

কুসুমকুমারী দাশ

## পাঠের মূলকথা

'আদর্শ ছেলে' কবিতায় কবি সেই ছেলে চেয়েছেন, যে ছেলে কথায় বড় না হয়ে কাজে বড় হবে। তার মন তেজে ভরা থাকবে, বুকে থাকবে বল, মুখে থাকবে হাসি। সেই ছেলে আনন্দচিত্তে দেশের জন্য কাজ করবে। মানুষ হওয়ার পণ নিয়ে সে সামনে এগিয়ে যাবে। বিপদ দেখে সে পালিয়ে যাবে না, সাহস নিয়ে নির্ভয়ে সমস্ত বিপদ মোকাবিলা করবে। দৃপ্ত চেতনা নিয়ে সে সামনে এগিয়ে যাবে। যে ছেলের কথায় কথায় চোখে জল আসে, বিপদের কথা শুনলে মাথা ঘুরে যায়– সেই রকম ছেলেকে কেউ চায় না। মানুষ হওয়ার প্রতিজ্ঞাবদ্ধ, হাসিখুশি, সাহসী ছেলেকেই সবাই পছন্দ করে। রাজার ছেলে হোক আর কৃষকের ছেলেই হোক– আদর্শ ছেলের পরিচয় তার কাজে। কারণ এই বিশ্বমাঝারে সবারই কাজ করতে হয়। সবাই যদি ভেদাভেদ ভুলে প্রাণপণে খাটে, তাদের সাহস ও শক্তিকে কাজে লাগায় তাহলে তারা মানুষের মতো মানুষ হয়ে উঠবে। এমন আদর্শিক ছেলে দেশের কল্যাণ বয়ে আনবে বলে কবি বিশ্বাস করেন।

## শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা

পাঠ অনুশীলনের মধ্য দিয়ে আমি যে যোগ্যতা অর্জন করব–

৪.১ প্রমিত উচ্চারণে ও স্বাভাবিক গতিতে বলা ছড়া, কবিতা, রূপকথা ও গল্প শুনে মূলভাব বুঝতে পারা এবং আনন্দ লাভ করা।

৮.১ চিত্র ও ছবি সংবলিত বা বিহীন ছড়া, কবিতা, রূপকথা, গল্প সাবলীলভাবে বলতে পারা এবং বিষয়বস্তু বলতে পারা।

১২.১ পাঠ্যপুস্তক ও সমমানের বইয়ের ছড়া, কবিতা, রূপকথা, গল্প বিরামচিহ্ন মেনে, প্রমিত উচ্চারণে পড়ে বুঝতে পারা এবং আনন্দ লাভ করা।

১৬.১ পাঠের অন্তর্ভুক্ত ছড়া, কবিতা, রূপকথা, গল্প ও কবিতার অংশ দেখে বা না দেখে লিখতে পারা।

১৬.২ পাঠের অন্তর্ভুক্ত রূপকথা, গল্প ও কবিতার মূলভাব এবং নিজ অভিজ্ঞতা/মতামত লিখে প্রকাশ করতে পারা।

## পিরিয়ড সংখ্যা : ৫

পিরিয়ড বিভাজন :

| | |
|---|---|
| পিরিয়ড-১২২ | আমাদের দেশে-------- এই তার পণ। |
| পিরিয়ড-১২৩ | আমাদের দেশে--------- সে কি পড়ে রয়। |
| পিরিয়ড-১২৪ | বিপদ আসিলে কাছে-------- মানুষ যখন। |
| পিরিয়ড-১২৫ | সে ছেলে কে চায় বল?----- দেশের কল্যাণ। |
| পিরিয়ড-১২৬ | ভালো কাজ খারাপ কাজ, সৃজনশীল লেখা। |

[সূত্র : শিক্ষক সহায়িকা]

## বানান সতর্কতা

নিচের শব্দগুলোর সঠিক বানান জেনে নিই–

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| আদর্শ | তেজ | পণ | আগুয়ান | রক্ত | মাংস | প্রাণ | সবারি | বিশ্বমাঝার | খাটো |
| শক্তি | কল্যাণ | | | | | | | | |

# ধারাবাহিক মূল্যায়ন

পাঠ্যবই ও শিক্ষক সহায়িকার সূত্র সংবলিত

প্রিয় শিক্ষার্থী বন্ধুরা, শিখনযোগ্যতা অর্জনোপযোগী পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি ও গুরুত্বপূর্ণ নমুনা প্রশ্নোত্তর এ অংশে দেওয়া হলো। শিক্ষক সহায়িকায় উল্লিখিত মূল্যায়ন ক্ষেত্র ও নির্দেশনার আলোকে প্রণীত পাঠগুলো তোমাদের ধারাবাহিক মূল্যায়নে সহায়ক ভূমিকা পালন করবে।

## পাঠ্যবইয়ের অনুশীলনীর প্রশ্ন ও উত্তর ৩ চলো, পারি কি না দেখি

### ১ শব্দ শিখি।

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৭৮

আদর্শ, পণ, তেজে ভরা মন, আগুয়ান, সবারি, চেতনা, সাদা প্রাণ, কল্যাণ, বিশ্বমাঝার।

উত্তর :

| | | |
|---|---|---|
| আদর্শ | — | অনুসরণীয়। |
| পণ | — | অঙ্গীকার। |
| তেজে ভরা মন | — | উদ্দীপ্ত মন। |
| আগুয়ান | — | অগ্রসর। |
| সবারি | — | সবারই। |
| চেতনা | — | বোধ। |
| সাদা প্রাণ | — | সুন্দর মন। |
| কল্যাণ | — | মঙ্গল। |
| বিশ্বমাঝার | — | পৃথিবীর মধ্যে। |

### ২ একজন কবিতার একটি চরণ বলি অন্যজন পরের চরণটি বলি।

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৭৮

সাদা প্রাণে হাসি মুখে করো এই পণ–

______________________।

মুখে হাসি, বুকে বল, তেজে ভরা মন,

______________________।

হাতে প্রাণে, খাটো সবে, শক্তি করো দান,

______________________।

উত্তর :

সাদা প্রাণে হাসি মুখে করো এই পণ–
'মানুষ' হইতে হবে, মানুষ যখন।

মুখে হাসি, বুকে বল, তেজে ভরা মন,
'মানুষ' হইতে হবে – এই তার পণ।

হাতে প্রাণে, খাটো সবে, শক্তি করো দান,
তোমরা 'মানুষ' হলে দেশের কল্যাণ।

### ৩ বলি ও লিখি।

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৭৮

**প্রশ্ন ক. কথার চেয়ে কীসে বড়ো হতে হবে?**

**উত্তর :** কথার চেয়ে কাজে বড়ো হতে হবে।

**প্রশ্ন খ. কেমন ছেলে কেউ চায় না?**

**উত্তর :** কথায় কথায় যার চোখে জল আসে, মাথা ঘুরে যায়– এমন ছেলেকে কেউ চায় না।

**প্রশ্ন গ. শিশুরা কী পণ করবে?**

**উত্তর :** শিশুরা আদর্শ মানুষ হওয়ার জন্য পণ করবে।

**প্রশ্ন ঘ. কীভাবে দেশের কল্যাণ হবে?**

**উত্তর :** পড়াশোনা করে ছেলেরা আদর্শ মানুষ হলে দেশের কল্যাণ হবে।

### ৪ কবিতাটি দেখে দেখে সুন্দর করে বলি ও লিখি।

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৭৯

**উত্তর :** নিজে চেষ্টা করি।

### ৫ মিলিয়ে পড়ি ও লিখি।

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৭৯

বড় হতে হবে ——— কথায়/কাজে

বিপদ আসলে ——— এগিয়ে যাব/পিছিয়ে আসব

মুখে থাকতে হবে ——— হাসি/কষ্ট

উত্তর :


বড় হতে হবে কাজে।

বিপদ আসলে এগিয়ে যাব।

মুখে থাকতে হবে হাসি।

### ৬ কোনটি ভালো কাজ ও কোনটি খারাপ কাজ।

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৭৯


......................................................
......................................................


......................................................
......................................................


......................................................
......................................................

উত্তর :


মারামারি– এটি খারাপ কাজ।


বৃক্ষরোপণ– এটি ভালো কাজ।


বৃদ্ধ ব্যক্তিকে রাস্তা পার করতে সাহায্য করা– এটি ভালো কাজ।

৭ দেশের কল্যাণের জন্য কী করা যায় লিখি। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৭৯

উত্তর :

শুধু কথায় বড়ো হলে হবে না, কাজে বড় হতে হবে। এমন কাজ করতে হবে যা দেশের জন্য কল্যাণকর হয়।

বিপদ এলে সকলের আগে সাহস নিয়ে এগিয়ে যেতে হবে।

ভীরুতা বা কাপুরুষতা নয়, হাসিমুখে, নির্ভীক চিত্তে মানুষের মতো মানুষ হয়ে অসহায় মানুষের পাশে দাঁড়াতে হবে।

প্রাণপণে খাটতে ও শক্তি দান করতে সর্বদা প্রস্তুত থাকতে হবে।

আদর্শ ছেলে বা প্রকৃত মানুষ হলেই দেশের কল্যাণ হবে।

## শিক্ষক সহায়িকা অনুসরণে পিরিয়ডভিত্তিক অনুশীলন — শিখে নিই

### পিরিয়ড ১২২ আমাদের দেশে------- এই তার পণ।

**প্রশ্ন ১. নিচের শব্দগুলোর প্রমিত উচ্চারণ লেখ।** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

আদর্শ, আমাদের, মন, মানুষ, পণ।

**উত্তর :**

| প্রদত্ত শব্দ | প্রমিত উচ্চারণ |
|---|---|
| আদর্শ | আদোর্‌শো |
| আমাদের | আমাদের্‌ |
| মন | মোন্‌ |
| মানুষ | মানুশ্‌ |
| পণ | পন্‌ |

**প্রশ্ন ২. ফাঁকা জায়গায় কবিতার সঠিক চরণ লেখ।** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

ক. আমাদের দেশে হবে সেই ছেলে কবে?

খ. মুখে হাসি, বুকে বল, তেজে ভরা মন,

**উত্তর :**

ক. কথায় না বড়ো হয়ে কাজে বড়ো হবে;

খ. 'মানুষ' হইতে হবে– এই তার পণ।

**প্রশ্ন ৩. বিরামচিহ্ন বসিয়ে কবিতাংশটি লেখ।** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

আমাদের দেশে হবে সেই ছেলে কবে
কথায় না বড়ো হয়ে কাজে বড়ো হবে
মুখে হাসি বুকে বল তেজে ভরা মন
মানুষ হইতে হবে এই তার পণ
হাতে প্রাণে খাটো সবে শক্তি করো দান
তোমরা মানুষ হলে দেশের কল্যাণ

**উত্তর :** আমাদের দেশে হবে সেই ছেলে কবে?
কথায় না বড়ো হয়ে কাজে বড়ো হবে;
মুখে হাসি, বুকে বল, তেজে ভরা মন,
'মানুষ' হইতে হবে– এই তার পণ।
হাতে প্রাণে, খাটো সবে, শক্তি করো দান,
তোমরা 'মানুষ' হলে দেশের কল্যাণ।

### পিরিয়ড ১২৩ আমাদের দেশে------- সে কি পড়ে রয়।

**প্রশ্ন ৪. ছয়জন শিক্ষার্থী তিনটি দলে ভাগ হয়ে কবিতার প্রথম আট লাইন আবৃত্তি কর।** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :**

প্রথম দল : আমাদের দেশে হবে সেই ছেলে কবে?
কথায় না বড়ো হয়ে কাজে বড়ো হবে;

দ্বিতীয় দল : মুখে হাসি, বুকে বল, তেজে ভরা মন,
'মানুষ' হইতে হবে– এই তার পণ।

তৃতীয় দল : বিপদ আসিলে কাছে, হও আগুয়ান,
নাই কি শরীরে তব রক্ত, মাংস, প্রাণ?

প্রথম দল : হাত, পা সবারি আছে, মিছে কেন ভয়,
চেতনা রয়েছে যার, সে কি পড়ে রয়?

### পিরিয়ড ১২৪ বিপদ আসিলে কাছে------ মানুষ যখন।

**প্রশ্ন ৫. কবিতার আজকের পাঠ্যাংশের (বিপদ আসিলে ..... মানুষ যখন) বিষয়বস্তু ব্যাখ্যা কর।**

**উত্তর :** কবি এমন ছেলে প্রত্যাশা করেন যে মানুষের বিপদ-আপদে এগিয়ে যাবে। কারণ হাত, পা সবারই আছে। আর যার চেতনা রয়েছে সে কখনো পড়ে রয় না। কবি এমন ছেলে প্রত্যাশা করেন না, যার কথায় কথায় চোখে জল আসে, মাথা ঘুরে যায়। সাদা প্রাণে আমাদেরকে মানুষ হওয়ার পণ করতে হবে।

**প্রশ্ন ৬. কেমন মানুষ হতে হবে?**

**উত্তর :** মুখে হাসি, বুকে বল নিয়ে কাজে বড়ো মানুষ হতে হবে।

**প্রশ্ন ৭. কে কখনো পড়ে রয় না?**

**উত্তর :** যার মধ্যে চেতনা রয়েছে সে কখনো পড়ে রয় না।

### পিরিয়ড ১২৫ সে ছেলে কে চায় বল?---- দেশের কল্যাণ।

**প্রশ্ন ৮. অন্ত্যমিল শব্দগুলো দিয়ে ছন্দ তৈরি কর।** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

পারব না বলো না কথায় কথায়।
যায়।
পণ।
যখন।

**উত্তর :**

পারব না বলো না কথায় কথায়
চেষ্টা করলেই তা পারা যায়।
সদা প্রাণে হাসি মুখে করো এই পণ।
'মানুষ' হইতে হবে মানুষ যখন।

**পিরিয়ড ১২৬** ভালো কাজ খারাপ কাজ, সৃজনশীল লেখা।

**প্রশ্ন ৯. নিচের কবিতাংশটুকু পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও।**

কৃষকের শিশু কিংবা রাজার কুমার
সবারি রয়েছে কাজ, এ বিশ্বমাঝার,
হাতে প্রাণে, খাটো সবে, শক্তি করো দান,
তোমরা 'মানুষ' হলে দেশের কল্যাণ।

ক. কবিতাংশটি কোন কবিতার অংশ?
খ. কবিতার কবির নাম কী?
গ. কবিতায় আমাদেরকে কী দান করতে বলা হয়েছে?

**উত্তর :**

ক. কবিতাংশটি 'আদর্শ ছেলে' কবিতার অংশ।
খ. কবিতার কবির নাম– কুসুমকুমারী দাশ।
গ. কবিতায় আমাদেরকে শক্তি দান করার কথা বলা হয়েছে।

**প্রশ্ন ১০. সঠিক শব্দ বসিয়ে শূন্যস্থান পূরণ কর।**

মানুষ, প্রাণে, শিশু, রাজার, কাজ, সবে, শক্তি, কল্যাণ।

কৃষকের ——— কিংবা ——— কুমার
সবারি রয়েছে ———, এ বিশ্ব মাঝার,
হাতে ———, খাটো ———, ——— করো দান,
তোমরা ——— হলে দেশের ———।

উত্তর : কৃষকের শিশু কিংবা রাজার কুমার
সবারি রয়েছে কাজ, এ বিশ্ব মাঝার,
হাতে প্রাণে, খাটো সবে, শক্তি করো দান,
তোমরা মানুষ হলে দেশের কল্যাণ।

**প্রশ্ন ১১. বাম পাশের শব্দগুলোর সাথে ডান পাশের শব্দগুলো মিল করে লেখ।**

| | |
|---|---|
| ছেলে | ছোটো |
| বড়ো | মেয়ে |
| হাসি | পা |
| বিপদ | বিদেশ |
| দেশ | আপদ |
| চোখ | কান্না |
| হাত | কান |

**উত্তর :**

ছেলে — মেয়ে
বড়ো — ছোটো
হাসি — কান্না
বিপদ — আপদ
দেশ — বিদেশ
চোখ — কান
হাত — পা

## মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ — সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

### শোনা — শিক্ষকের নিকট শুনে লিখি

**প্রশ্ন ১. নিচের শব্দগুলোর অর্থ লেখ।**

চোখে জল, কৃষক, রাজার কুমার, কবে, বল, তেজ, খাটো, সবে। ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :**

**চোখে জল** — চোখের পানি।
**কৃষক** — চাষি।
**রাজার কুমার** — রাজপুত্র, রাজার ছেলে।
**কবে** — কখন।
**বল** — শক্তি, ক্ষমতা।
**তেজ** — শক্তি, জোর।
**খাটো** — পরিশ্রম করো।
**সবে** — সবাই।

**প্রশ্ন ২. নিচের শব্দগুলো দিয়ে বাক্য রচনা কর।**

পণ, চেতনা, কল্যাণ, তেজ, প্রাণ। ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :**

**পণ** — মানুষ হতে হবে– এই তার পণ।
**চেতনা** — বাঙালিয়ানা চেতনাই আমাদের চালিকাশক্তি।
**কল্যাণ** — আমরা মানুষ হলেই দেশের কল্যাণ।
**তেজ** — তরুণ প্রজন্মের রয়েছে তেজে ভরা মনোবল।
**প্রাণ** — গাছেরও প্রাণ আছে।

### বলা — শিক্ষকের প্রশ্নের উত্তর বলি

**প্রশ্ন ৩. নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।**

**প্রশ্ন ক. কীভাবে পণ করতে বলা হয়েছে?**
উত্তর : সাদা প্রাণে হাসিমুখে পণ করতে বলা হয়েছে।

**প্রশ্ন খ. বিপদ এলে শিশুরা কী করবে?**
উত্তর : বিপদ এলে শিশুরা এগিয়ে যাবে।

**প্রশ্ন গ. শিশুদের কীভাবে খাটতে হবে?**
উত্তর : শিশুদের মনেপ্রাণে খাটতে হবে।

### পড়া — নিচের প্রশ্নগুলোর উত্তর দিই

**প্রশ্ন ৪. নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।**

**প্রশ্ন ক. কবিতার চরণগুলো সাজিয়ে লেখ।**

কথায় না বড়ো হয়ে কাজে বড়ো হবে;
'মানুষ' হইতে হবে– এই তার পণ।
বিপদ আসিলে কাছে, হও আগুয়ান,
নাই কি শরীরে তব রক্ত, মাংস, প্রাণ?
আমাদের দেশে হবে সেই ছেলে কবে?
মুখে হাসি, বুকে বল, তেজে ভরা মন,

**উত্তর :** উপরের কবিতার চরণগুলো সাজিয়ে লেখা হলো–
আমাদের দেশে হবে সেই ছেলে কবে?
কথায় না বড়ো হয়ে কাজে বড়ো হবে;

মুখে হাসি, বুকে বল, তেজে ভরা মন,
'মানুষ' হইতে হবে– এই তার পণ।
বিপদ আসিলে কাছে, হও আগুয়ান,
নাই কি শরীরে তব রক্ত, মাংস, প্রাণ?

**প্রশ্ন খ. সেই ছেলের পণ কী?**

**উত্তর :** সেই ছেলের পণ– মানুষ হতে হবে।

**প্রশ্ন ৫. সঠিক উত্তরটি লেখ।**

ক. **দেশের জন্য কী রকম ছেলে/শিশু চাই?**
১. কাজে নয় কথায় বড়ো ২. কথায় নয় কাজে বড়ো
৩. কথা বেশি কাজ কম ৪. কথা কম কাজ কম
**উত্তর :** ২. কথায় নয় কাজে বড়।

খ. **হাত, পা সবারি আছে মিছে কেন ভয়– কবি কেন এ কথা বলেছেন?**
১. সাহস জোগানোর জন্য ২. শক্তি অর্জনের জন্য
৩. বুদ্ধি দেওয়ার জন্য ৪. চরিত্রবান হওয়ার জন্য
**উত্তর :** ১. সাহস জোগানোর জন্য।

গ. **কবি কোন ধরনের ছেলে/শিশু প্রত্যাশা করেন?**
১. কথায় কথায় যার চোখে জল আসে
২. অল্পতেই যার মাথা ঘুরে যায়
৩. যার চেতনা রয়েছে
৪. সবার সামনে যে সংকুচিত থাকে
**উত্তর :** ৩. যার চেতনা রয়েছে।

**লেখা** **নিচের প্রশ্নগুলোর উত্তর লিখি**


**প্রশ্ন ৬. 'আদর্শ ছেলে' থেকে যুক্তবর্ণ ও ফলাচিহ্নযুক্ত শব্দ বের করে বাক্য রচনা কর।** ▶ সূত্র : শিক্ষক সহায়িকা

| যুক্তবর্ণ ও ফলাযুক্ত শব্দ | বাক্য রচনা |
|---|---|
| রক্ত | |
| প্রাণ | |
| বিশ্ব | |
| শক্তি | |
| কল্যাণ | |

**উত্তর :**

| যুক্তবর্ণ ও ফলাযুক্ত শব্দ | বাক্য রচনা |
|---|---|
| রক্ত | আমরা রক্তে-মাংসে গড়া মানুষ। |
| প্রাণ | শুধু প্রাণ থাকলেই প্রাণী হয় না। |
| বিশ্ব | এ বিশ্বে সবারই কাজ রয়েছে। |
| শক্তি | শক্তি নয়, বুদ্ধি দিয়ে কাজ করো। |
| কল্যাণ | দেশের কল্যাণে কাজ করব। |

**প্রশ্ন ৭. ছবি দেখে ইচ্ছেমতো তিনটি বাক্য লেখ।**



**উত্তর :**
১. শিক্ষিকা 'আদর্শ ছেলে' কবিতাটি পড়াচ্ছেন।
২. ছাত্ররা মনোযোগ দিয়ে শিক্ষিকার কথা শুনছে।
৩. সবাই সুন্দরভাবে বেঞ্চে বসে আছে।

## শিক্ষক/ অভিভাবক কর্তৃক মূল্যায়ন — নির্দেশনা ছকের আলোকে শিক্ষার্থীর অগ্রগতি যাচাই

শিক্ষার্থীর শিখন/পাঠ সম্পন্ন হওয়ার পর শিক্ষক/অভিভাবকগণ নিচের **'পাঠোত্তর মূল্যায়ন ও নির্দেশনা ছক'** ব্যবহার করে মূল্যায়নের জন্য প্রযোজ্য স্থানে টিক (✓) চিহ্ন প্রদান করে অগ্রগতি যাচাই করবেন। কোনো শিখনযোগ্যতা/নির্দেশকের ক্ষেত্রে অগ্রগতি সন্তোষজনক না হলে তা পুনরায় অনুশীলনের উদ্যোগ নিতে হবে।

| শিখনযোগ্যতা/ পারদর্শিতার সূচক | সাহায্য প্রয়োজন | ভালো | উত্তম |
|---|---|---|---|
| কবিতা শুনে আনন্দের সাথে বিষয়বস্তু নিজের মতো করে বলতে পেরেছে। | | | |
| স্পষ্ট উচ্চারণে কবিতা আবৃত্তি করতে পেরেছে। | | | |
| পাঠের অন্তর্ভুক্ত কবিতার চরণ দেখে লিখতে পেরেছে। | | | |
| প্রমিত উচ্চারণে কবিতা আবৃত্তি করতে আগ্রহ দেখিয়েছে। | | | |
| সমমানের কবিতা পড়ে আনন্দের সাথে বিষয়বস্তু বলতে পেরেছে। | | | |
| স্পষ্ট উচ্চারণে কবিতা বিষয়বস্তু বলতে পেরেছে। | | | |
| কবিতার বিষয় বুঝে নিজের মতো করে লিখতে পেরেছে। | | | |
| কবিতা শুনে অন্ত্যমিল শনাক্ত করতে পেরেছে। | | | |
| কবিতার বিষয়বস্তু প্রমিত বাংলায় লিখতে চেষ্টা করেছে। | | | |
| কবিতার সম্পর্কিত প্রশ্নের উত্তর প্রমিত বাংলায় লিখতে চেষ্টা করেছে। | | | |

## ধারাবাহিক/শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়ন | নিজেকে মূল্যায়ন করি

তারিখ : ☐☐☐ **ধারাবাহিক মূল্যায়ন** সময় :...............

শিক্ষার্থীর নাম :................................ শ্রেণি :................................ রোল নম্বর : ☐

**১। নিচের শব্দগুলোর অর্থ লেখ।**
আদর্শ, পণ, তেজে ভরা মন, আগুয়ান, সবারি, চেতনা, সাদা প্রাণ, কল্যাণ, বিশ্বমাঝার।

**২। একজন কবিতার একটি চরণ বল অন্যজন পরের চরণটি লেখ।**

সাদা প্রাণে হাসি মুখে করো এই পণ—

________________________________।


মুখে হাসি, বুকে বল, তেজে ভরা মন,

________________________________।

হাতে প্রাণে, খাটো সবে, শক্তি করো দান,

________________________________।

**৩। কোনটি ভালো কাজ ও কোনটি খারাপ কাজ লেখ।**





**৪। নিচের প্রশ্নগুলোর সঠিক উত্তরটি লেখ।**

**ক. দেশের জন্য কী রকম ছেলে/শিশু চাই?**
১. কাজে নয় কথায় বড়ো ২. কথায় নয় কাজে বড়ো
৩. কথা বেশি কাজ কম ৪. কথা কম কাজ কম

**খ. হাত, পা সবারি আছে মিছে কেন ভয়— কবি কেন এ কথা বলেছেন?**
১. সাহস জোগানোর জন্য ২. শক্তি অর্জনের জন্য
৩. বুদ্ধি দেওয়ার জন্য ৪. চরিত্রবান হওয়ার জন্য

**গ. কবি কোন ধরনের ছেলে/শিশু প্রত্যাশা করেন?**
১. কথায় কথায় যার চোখে জল আসে
২. অল্পতেই যার মাথা ঘুরে যায়
৩. যার চেতনা রয়েছে
৪. সবার সামনে যে সংকুচিত থাকে

**৫। নিচের যুক্তবর্ণ ও ফলাচিহ্নযুক্ত শব্দ দিয়ে বাক্য রচনা কর।**

| যুক্তবর্ণ ও ফলাযুক্ত শব্দ | বাক্য রচনা |
|---|---|
| রক্ত | |
| প্রাণ | |
| বিশ্ব | |
| শক্তি | |
| কল্যাণ | |

## উত্তরমালা

**১ ▶**

**আদর্শ** — অনুসরণীয়।
**পণ** — অঙ্গীকার।
**তেজে ভরা মন** — উদ্দীপ্ত মন।
**আগুয়ান** — অগ্রসর।
**সবারি** — সবারই।
**চেতনা** — বোধ।
**সাদা প্রাণ** — সুন্দর মন।
**কল্যাণ** — মঙ্গল।
**বিশ্বমাঝার** — পৃথিবীর মধ্যে।

**২ ▶**

সাদা প্রাণে হাসি মুখে করো এই পণ—
**'মানুষ' হইতে হবে, মানুষ যখন।**

মুখে হাসি, বুকে বল, তেজে ভরা মন,
**'মানুষ' হইতে হবে — এই তার পণ।**

হাতে প্রাণে, খাটো সবে, শক্তি করো দান,
**তোমরা 'মানুষ' হলে দেশের কল্যাণ।**

**৩ ▶**


মারামারি— এটি খারাপ কাজ।


বৃক্ষরোপণ— এটি ভালো কাজ।


বৃদ্ধ ব্যক্তিকে রাস্তা পার করতে সাহায্য করা— এটি ভালো কাজ।

**৪ ▶** ক. (২) কথায় নয় কাজে বড়।
খ. (১) সাহস জোগানোর জন্য।
গ. (৩) যার চেতনা রয়েছে।

**৫ ▶**

| যুক্তবর্ণ ও ফলাযুক্ত শব্দ | বাক্য রচনা |
|---|---|
| রক্ত | আমরা রক্তে-মাংসে গড়া মানুষ। |
| প্রাণ | শুধু প্রাণ থাকলেই প্রাণী হয় না। |
| বিশ্ব | এ বিশ্বে সবারই কাজ রয়েছে। |
| শক্তি | শক্তি নয়, বুদ্ধি দিয়ে কাজ করো। |
| কল্যাণ | দেশের কল্যাণে কাজ করব। |

মূল্যায়ন রিপোর্ট : শিখনের অর্জিত মাত্রা ☐